দৈনিক বাংলা

তারিখ ... 11/11/82
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 5 ...

৩৭০

082

082

# মাধ্যমিক পর্যায়ে সেমিস্টার পদ্ধতি চালু হতে পারে

॥ সুনীল ব্যানার্জি ॥

সেমিস্টার পদ্ধতিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা গ্রহণের বিষয়টি কর্তৃপক্ষের সক্রীয় বিবেচনাধীন রয়েছে। এ ব্যাপারে এরই মধ্যে একটি কমিটি গঠন করা হয়েছে।

উচ্চ পর্যায়ের ৬ সদস্যের এই কমিটির আহবায়ক হচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক ডক্টর মাজহারুল হক।

এছাড়া সদস্য হিসেবে আছেন জাতীয় কারিকুলাম উন্নয়ন সংস্থার

(৫-এর পৃঃ দ্রঃ)

## প্রাথমিক পর্যায়ে

(১-এর পৃঃ পর)

পরিচালক জনাব আবদুল জব্বার, একটি বিদেশী সংস্থার ঢাকাস্থ উপদেষ্টা ডক্টর সি কে বাসু প্রমুখ। কমিটিকে এই বিষয়টি পর্যালোচনা করে বাংলাদেশে সেমিস্টার পদ্ধতিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা গ্রহণ করা যায় কিনা সে সম্পর্কে বিস্তারিতভাবে রিপোর্ট করতে বলা হয়েছে।

নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে যে কমিটি এরই মধ্যে প্রতিবেশী কয়েকটি দেশের পরীক্ষা ব্যবস্থা পর্যালোচনা করেছে এবং বাংলাদেশের পরীক্ষা পদ্ধতি আরো সহজ ও সরল করার লক্ষ্যে সেমিস্টার পদ্ধতির পক্ষেই মত প্রকাশ করেছে। কমিটি এই মত প্রকাশ করেছে যে সেমিস্টার পদ্ধতিতে পরীক্ষা নেয়া হলে সত্যিকার গুণী ও যোগ্য ছাত্রদের মেধার যাচাই সম্ভব হবে।

জানা গেছে যে কমিটির রিপোর্ট পেশের পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আগামী শিক্ষাবর্ষ থেকেই প্রাথমিকভাবে কেবলমাত্র মাধ্যমিক শ্রেণীতে সেমিস্টার পদ্ধতিতে পরীক্ষা গ্রহণের বিষয় চিন্তা-ভাবনা করছে।